



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ

এন্টি টেররিজম ইউনিট

বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।

[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



স্মারক নং- পিআর ১১২/২২

তারিখঃ ২৪ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ  
০৮ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক যুদ্ধপরাধের দায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামী গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে ০৭ আগস্ট ২০২২ খ্রি. বিশেষ অভিযান পরিচালনা করে ডিএমপি, শাহ আলী থানাধীন এলাকা থেকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুন্যাল-১, কেস নম্বর- ১১, সাল- ২০১৭ এর মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামীকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত আসামীর নাম- মো: নজরুল ইসলাম (৭৫), পিতা: মৃত নয়ন আলী জর্দার, মাতা: রাবেয়া বেগম, গ্রাম: নয়ালতলা, থানা: বটিয়াঘাটা, জেলা: খুলনা, বর্তমান ঠিকানা- সেকশন: ১, বাড়ি নং: ৭, রোড: ১, ব্লক: ই, মিরপুর: ১, থানা: শাহ আলী, ডিএমপি, ঢাকা।

উক্ত আসামী মামলা হওয়ার পর থেকে আত্মগোপনে চলে যায় এবং দীর্ঘ ০৫ বৎসর পলাতক থাকার পর তার অনুপস্থিতিতে বিজ্ঞ ট্রাইবুন্যাল ২৮ জুলাই ২০২২ রায় ঘোষণা করে। রায়ে তাদের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ (ট্রাইবুনাল) আইন ১৯৭৩ এর ২, ৩ এর ৪ ধারায় মানবতার বিরুদ্ধে অপরাধ (Crimes Against Humanity) এবং গণহত্যার (Genocide) অভিযোগ প্রমাণিত হয়। রায়ে অন্যান্য আরো ৫ আসামীর সাথে পলাতক নজরুল ইসলামকেও মৃত্যুদণ্ডে দণ্ডিত করা হয়।

তার বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।

*Atu*

০৮/০৮/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: [atu.spma@police.gov.bd](mailto:atu.spma@police.gov.bd)